

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মাদ্রাসা শাখা-২  
( www.tmed.gov.bd )

নং- ৫৭.০০.০০০০.০৮৫.০১৮.০৪০.১৬- ১৬০

তারিখ: ১০ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ  
২৫ অক্টোবর ২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয়: জেএসসি ও জেডিসি'তে ঝড়ে পড়া শিক্ষার্থীদের স্বল্প মেয়াদে কর্মমুখী শিক্ষা প্রদানের জন্য ২০১৪, ২০১৫ ও ২০১৬ সনে জেএসসি ও জেডিসি পর্যায়ে পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের তথ্য সরবরাহ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জাতীয় শিক্ষানীতি-২০১০ এর আলোকে প্রচলিত শিক্ষার পাশাপাশি কারিগরি শিক্ষাকে যুগোপযোগি করে গড়ে তোলার জন্য বিভিন্নমুখী প্রচেষ্টা বাস্তবায়ন করা চলমান রয়েছে। এরই ধারাবাহিকতায় নবম শ্রেণীতে ভর্তির যোগ্যতা অর্জনকারী শিক্ষার্থী অথচ সাধারণ শিক্ষায় ভর্তি হতে অগ্রহী নয় এমন শিক্ষার্থীদের স্বল্প মেয়াদে কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে বিষয়ে উল্লেখিত তথ্যাদি সরবরাহ আবশ্যিক।

০২। শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের মান যাচাইয়ের জন্য প্রতি বছর শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন শিক্ষা বোর্ডসমূহের মাধ্যমে জেএসসি/জেডিসি/এসএসসি/দাখিল ও সমমানের পরীক্ষা গ্রহণ করা হয়। শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থী একটি বড় নানা কারণে ঝড়ে পড়ে। উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে ঝড়ে পরা এ সকল শিক্ষার্থীদের স্বল্প মেয়াদী প্রশিক্ষণের মাধ্যমে কর্মমুখী করে গড়ে তোলার জন্য কারিগরি শিক্ষায় প্রশিক্ষিত করার জন্য সর্বক্ষে জানা প্রয়োজন জেএসসি ও ডেডিসি-তে ঝড়া শিক্ষার্থীর সংখ্যা ও এর হার।

০৩। এ লক্ষ্যে বাস্তবায়নের জন্য গত ২০১৪, ২০১৫ ও ২০১৬ সনে জেএসসি ও ডেডিসি পর্যায়ে পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীর সংখ্যা, উক্ত সন সমূহে অনুষ্ঠিত পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ পরবর্তী ক্লাসে (নবম শ্রেণী) ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা এবং ঝড়ে পড়া শিক্ষার্থীর সংখ্যা জানা প্রয়োজন।

০৪। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সুবিধার্থে ২০১৪, ২০১৫ ও ২০১৬ সনে জেএসসি ও জেডিসি পর্যায়ে পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীর সংখ্যা এবং ২০১৫, ২০১৬ ও ২০১৭ সনে জেএসসি ও জেডিসি পর্যায়ে পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের নবম শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা ব্যানবেইস সংরক্ষিত তথ্য ভান্ডার হতে সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

(মো: আবদুল খালেক)

সহকারী সচিব (মাদ্রাসা-২)

১৫৪৯৩৯৬

পরিচালক

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো

পলাশী-নীলক্ষেত, ঢাকা।

অনুলিপি:

- ১। উপসচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। অফিস কপি।